গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ১৭/১০/২০২৪ খ্রিস্টাব্দ

সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংরক্ষিত।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা করেন। অত:পর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোনো সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। ভূরুঙ্গামারী উপজেলায় শারদীয় দুর্গাপূজা শান্তিপ্রিয়ভাবে সম্পন্ন হওয়ায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

ভূরুঙ্গামারী উপজেলার আইন-শৃঙ্খলা সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা:

<table>
<tr><th>আলোচনার বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>
এ উপজেলার বিগত ও তার পূর্ববর্তী মাসের অপরাধ নিম্নরুপভাবে তুলনামূলক চিত্র উপস্থাপন করা হয়:
<table>
<tr><th rowspan="2">ক্র নং</th><th rowspan="2">অপরাধের ধরন</th><th colspan="2">বিবেচ্য (সেপ্টেম্বর/২০২৪) মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি</th><th colspan="2">সেপ্টেম্বর/২০২৩ মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি</th><th colspan="2">পূর্ববর্তী (আগস্ট/২০২৪) মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি</th><th colspan="2">আগস্ট/২০২৩ মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>অপরাধের সংখ্যা</th><th>মামলার সংখ্যা</th><th>অপরাধের সংখ্যা</th><th>মামলার সংখ্যা</th><th>অপরাধের সংখ্যা</th><th>মামলার সংখ্যা</th><th>অপরাধের সংখ্যা</th><th>মামলার সংখ্যা</th></tr>
<tr><td>১.</td><td>খুন</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>--</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>২.</td><td>চুরি</td><td>-</td><td>-</td><td>-</td><td>১</td><td>-</td><td>-</td><td>-</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>৩.</td><td>চোরা চালান</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>২</td><td>-</td></tr>
<tr><td>৪.</td><td>মাদক দ্রব্য</td><td>-</td><td>৫</td><td>-</td><td>৭</td><td></td><td>৬</td><td>-</td><td>৬</td><td>-</td></tr>
<tr><td>৫.</td><td>নারী ও শিশু নির্যাতন</td><td>-</td><td>৪</td><td>-</td><td>৫</td><td></td><td>২</td><td>-</td><td>৫</td><td>-</td></tr>
<tr><td>৬.</td><td>জুয়া</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>৭.</td><td>অস্ত্র</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>৮.</td><td>অন্যান্য</td><td>-</td><td>১৬</td><td>-</td><td>৬</td><td>-</td><td>৭</td><td>-</td><td>১৯</td><td>-</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>-</td><td>২৫</td><td>-</td><td>১৯</td><td>-</td><td>১৫</td><td>-</td><td>৩৪</td><td>-</td></tr>
</table>
এ উপজেলার বর্ণিত অপরাধ চিত্র পর্যালোচনা এবং সার্বিক আইনশৃঙ্খলাসহ সংঘটিত অপরাধ সম্পর্কে আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা মাদকসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অপরাধ নিয়ন্ত্রণে গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিকতার সাথে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।
</td><td>অপরাধ নিয়ন্ত্রণে রাখতে আইনি তৎপরতা অব্যাহত রাখতে হবে এবং মামলা যথাযথ তদন্তপূর্বক নির্ধারিত তারিখের পূর্বেই প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>১.অফিসার ইনচার্জ,ভূরুঙ্গামারী/ কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>২.চেয়ারম্যান, .........ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় ভূরুঙ্গামারী উপজেলার সার্বিক আইনশৃঙ্খলার বিষয়ে আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা সদ্য যোগদান করেছেন। তিনি যোগদানের পর পরই শারদীয় দুর্গাপূজা শুরু হয়। দুর্গাপূজা উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। এ উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। চুরি প্রতিরোধে অভিযান অব্যাহত রয়েছে। মাদক ও জুয়া নির্মুলের বিষয়ে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। চুরি প্রতিরোধ অভিযান অব্যাহত রাখার জন্য সভায় অফিসার ইনচার্জ, ভুরুঙ্গামারী /কচাকাটা থানাকে পরামর্শ প্রদান করা হয় ।<br><br>কোম্পানী কমান্ডার, ১৫/ এ বাগভান্ডার, বিজিবি সভায় জানান মাদকসহ চোরাচালান প্রতিরোধে স্থানীয় ইউপি সদস্যদের নিয়ে জনসচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রয়েছে। সীমান্তবর্তী এলাকার হাট-বাজারগুলো রাত ৮.০০ টার পরে বন্ধ রাখতে স্থানীয় ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় বিজিবেকে অনুরোধ জানানো হয়।<br><br>সভায় বাগভান্ডার কোম্পানী কমান্ডার বলেন গত মাসে সীমান্তে কোনো দুর্ঘটনা ঘটে নাই। তবে ভারতীয় ফেন্সিডিল ৩৬১ বোতল, ভারতীয় ইস্কাপ সিরাজ ৪৬ বোতল, ভারতীয় গাজা ২০০ গ্রাম জব্দ করা হয়। যার সিজার মূল্য ১,৪৭,৩০০/- টাকা। মাদক প্রতিরোধে সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন।<br><br>অধ্যক্ষ, সোনাহাট ডিগ্রী কলেজ সভায় জানান, বাসস্ট্যান্ড হতে বাজার পর্যন্ত রাস্তার দু'ধারে অটো দাড়িয়ে থাকার কারণে রাস্তা চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সভায় আহ্বান জানান।<br><br>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায় সেবিষয়ে সকলের পরামর্শ আহ্বান জানান। প্রত্যেক দোকানে মূল্য তালিকা টাঙ্গানো বাধ্যতামূলক করার কথা জানান। বাজারের মধ্যে প্রত্যেক দিনের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির বাজার মূল্য তালিকা বিল বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করা হবে মর্মে জানান। সাধারণ জনগণ পণ্য ক্রয়ের সময় ভাউচার সংগ্রহ করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। বাজার মনিটরিংয়ের বিষয়ে প্রচার প্রচারণা করতে হবে। অত:পর জেলা বাজার মনিটরিং কমিটির সাথে সামঞ্জস্য রেখে প্রাথমিকভাবে নিম্নবর্ণিত নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির উপরে গুরুত্বারোপ করেন:<br><br>১. ডিম, গরুর মাংস, খাসির মাংস, মুরগী।<br>২. আলু, বেগুন, মরিচ, পিয়াজ, রসুন, আদা, মসুরডাল, বুটের ডাল, ছোলা, সয়াবিন তেল, পামওয়েল ও চিনি।<br><br>তিনি আরও জানান যে, রাস্তার দুই ধারে অটো চালকগণ অটো দাড়িয়ে রাখার কারণে জ্যাম সৃষ্টি হচ্ছে। এতে করে সাধারণ জনগণের চলাচলে ব্যাঘাত দেখা দিচ্ছে। এ বিষয়ে আগামী ২১/১০/২০২৪ তারিখ সকাল: ১১:০০ টায় উপজেলা পরিষদ হলরুমে অটো চালক, বাস মালিক সমিতি, কোচ চালক সমিতি ও কাউন্টার ম্যানেজার, ট্রাক চালক সমিতিসহ সংশ্লিষ্টদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। রাস্তার দুইধাপে অবশিষ্ট কাজের জন্য তাৎক্ষণিকভাবে ঠিকাদারকে ফোন করা হয়। ঠিকাদার আগামী ২১/১০/২০২৪ তারিখে অবশিষ্ট কাজ করে দেয়ার প্রতিশ্রুতি জানান।<br><br>তিনি আরও জানান, প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ রাস্তার ধারে পুকুর খননকারীদের তালিকা প্রস্তুত করে তাদের নাম ঠিকানা ও মোবাইল নম্বরসহ উপজেলা পরিষদ ইঞ্জিনিয়ার সাহেবকে জমা প্রদান করবেন। উপজেলা ইঞ্জিনিয়ার সাহেব রাস্তার পাশে পুকুর খননকারীদের সতর্কতামূলক নোটিশ প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এছাড়াও এ উপজেলায় খুন, ধর্ষণ, ছিনতাই ইত্যাদি অপরাধের সার্বক্ষণিক নজরদারি বৃদ্ধির পাশাপাশি অপরাধ যাতে বৃদ্ধি না পায় সে বিষয়ে সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করা, মাদক এবং জুয়ার বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার অনুরোধ জানান। চুরি প্রতিরোধে অভিযান পরিচালনা করে আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়। সীমান্তবর্তী এলাকায় চলাচল সাবধানে করার লক্ষ্যে প্রত্যেক ইউনিয়নে মসজিদে মসজিদে মাইকিং করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। সোস্যাল মিডিয়ায় এ বিষয়ে প্রচারণা অব্যাহত রাখার | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. পুলিশ সুপার, কুড়িগ্রাম<br>২. উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>২. সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩. উপজেলা ইঞ্জিনিয়ার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>৪. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৫. চেয়ারম্যান, ……… ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক /সুপার (সকল), …………কলেজ/ বিদ্যালয়/মাদ্রাসা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৭. সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ। |

| | | |
|---|---|---|
| সভাপতি, ভূরুঙ্গামারী প্রেসক্লাবকে অনুরোধ জানান। | | |
| অক্টোবর/২০২৪ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় যেসমস্ত কর্মকর্তা অনুপস্থিত তাদেরকে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনুপস্থিতির কারণ লিখিতভাবে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভাপতির নিকট দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় মাদক প্রতিরোধে স্ব স্ব অবস্থান থেকে সবাইকে ভূমিকা রাখতে অনুরোধ জানানো হয়। সভায় মাদক ও জুয়া প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানানো হয়। আইন-শৃঙ্খলা পরিপন্থি কোন কার্যক্রম কারো নজরে আসলে সেবিষয়ে তাৎক্ষণিক অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যগণকে অবহিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে স্ব-স্ব অবস্থান থেকে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
মোবাইল নম্বর : ০১৭৯৯-৯৪১৫৫৫

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৮.০০১.২৩-৯৯৫

তারিখ : ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. অধিনায়ক, ২২/১৫ বিজিবি, কুড়িগ্রাম/লালমনিরহাট।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. উপজেলা ..............................................................অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭. রাজস্ব কর্মকর্তা, কাস্টম, এক্সাইজ এ্যান্ড ভ্যাট, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. চেয়ারম্যান, ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. কোম্পানী কমান্ডার, ২২/১৫ বিজিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০. জনাব.....................................................................................................ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১. ..........................................................................................................................।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম